

*Handwritten signature and date: ১৩/১১/২০২০*

ছাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ মোতাবেক  
৭ ধারার নোটিশ  
এল.এ কেস নম্বর ০১/২০২০-২১

জারির নম্বর: ৫০২

তারিখ: ১৩/১১/২০

নোটিশ

প্রাপক : ১। উপজেলা নির্বাহী অফিসার, আগৈলঝাড়া, বরিশাল, ২। সহকারী কমিশনার (ভূমি), আগৈলঝাড়া, বরিশাল, ৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, পয়সারহাট ইউনিয়ন ভূমি অফিস, আগৈলঝাড়া, বরিশাল, ৪। চেয়ারম্যান, বাকাল ইউনিয়ন পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল ৫। সংশ্লিষ্ট মৌজা: মানসীফুলশ্রী।

এতদ্বারা ছাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ ( ২০১৭ সনের ২১ নম্বর আইন) এর ৭ ধারা মোতাবেক নোটিশ প্রদান করা হইল যে, সরকার নিম্নবর্ণিত তফসিলভুক্ত সম্পত্তি “বরিশাল জেলার আগৈলঝাড়া উপজেলার মানসীফুলশ্রী মৌজায় একটি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন” প্রকল্প এর জন্য অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন এবং উহার দখল গ্রহণ করিতে মনস্থ করিয়াছেন;

অতএব, উক্ত সম্পত্তির মালিক/দখলকার/স্বার্থবান ব্যক্তিগণকে এতদ্বারা জানানো যাইতেছে যে, তাহারা যেন ব্যক্তিগতভাবে অথবা তাহাদের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে এই নোটিশ জারীর ০৭(সাত) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল এর ভূমি অধিগ্রহণ শাখায় উপস্থিত হইয়া;

ক. উক্ত সম্পত্তিতে তাহার/তাহাদের স্বার্থের প্রকৃতি এবং উক্তরূপ স্বার্থের ভিত্তিসহ দাবীর পূর্ণ বিবরণ প্রদান করিয়া রোয়েদাদে অর্ন্তভুক্তির আবেদন করিবেন;

খ. উক্ত সম্পত্তির বা উহার কোনো অংশিদার, লিজ গ্রহিতা অথবা অন্য কেহ উহাতে স্বার্থবান হইলে বা উক্ত সম্পত্তি বাবদ তাহারা কেহ কোনো স্বার্থ বা লভ্যাংশ লাভ করিয়া থাকিলে উহার প্রকৃতি সম্পর্কে যতদূর সম্ভব লিখিত বিবৃতি পেশ করিবেন;

গ. আবেদনের সঙ্গে সকল দলিলাদি/কাগজপত্র সংযুক্ত করিবেন;

“তফসিল”

জেলা: বরিশাল উপজেলা: আগৈলঝাড়া মৌজা: মানসীফুলশ্রী জে.এল নং- ৮০

ক্রমিক নং	এস.এ খতিয়ান নং	এস.এ দাগ নং	দাগের মোট জমি(একরে)	প্রস্তাবিত জমি (একরে)	আংশিক/পূর্ণ	জমির বর্তমান শ্রেণি	মন্তব্য
১.	৪৭২	৩৩৮	০.৫৪	০.২৯৮০	আংশিক	নাল	
২.	৪৭৩	৩৩৯	০.৪৮	০.৩২৬৫	আংশিক	নাল	
৩.	৩৯২	৩৪০	০.২৮	০.২০৮০	আংশিক	ভিটা-০.০৯, নাল-০.১১৮০	
৪.	৪৭৫	৩৪১	০.৩৭	০.১৬৪০	আংশিক	নাল	
৫.	৪৭৬	৩৪২	০.৩২	০.১৬৩৫	আংশিক	নাল	
৬.	১২৬	৩৪৩	০.৩৪	০.৩৪০০	পূর্ণ	নাল-০.১০, ভিটা-০.০৬, বাগান-০.১৮	
			মোট =	১.৫০ (এক একর পঞ্চাশ শতাংশ) একর।			

অধিগ্রহণকৃত জমির ভূমি মালিক/স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণের জন্য জ্ঞাতব্য:

- নিজে বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে নির্ধারিত ফরমে সরাসরি আবেদন দাখিল করিবেন। নির্ধারিত সময়ে আবেদন/কাগজপত্র দাখিলে আপনার ব্যর্থতার কারণে আপনার নামে রোয়েদাদ প্রস্তুত না হইলে কর্তৃপক্ষ দায়ী থাকিবে না;
- অনলাইনে আবেদন দাখিল, আবেদন ফরম ও স্বত্ব স্বার্থের বিবরণী ফরম [www.land.gov.bd](http://www.land.gov.bd) সাইটের অধিগ্রহণ সংক্রান্ত সেবা হতে গ্রহণ করিতে পারিবেন এবং অনলাইনে [www.land.gov.bd](http://www.land.gov.bd) ও [www.barisal.gov.bd](http://www.barisal.gov.bd) সাইটে নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে আপত্তি দাখিল করতে পারিবেন। তবে, শুনানীতে উপস্থিত বাধ্যতামূলক থাকিবে।

*Handwritten signature and date: ১৩/১১/২০২০*  
সার্ভেয়ার  
ভূমি অধিগ্রহণ শাখা  
জেলা প্রশাসকের কার্যালয়  
বরিশাল।

*Handwritten signature and date: ১৩/১১/২০২০*  
সার্ভেয়ার  
ভূমি অধিগ্রহণ শাখা  
জেলা প্রশাসকের কার্যালয়  
বরিশাল।

*Handwritten signature and date: ১৩/১১/২০২০*  
কানুনগো  
ভূমি অধিগ্রহণ শাখা  
জেলা প্রশাসকের কার্যালয়  
বরিশাল।

*Handwritten signature and date: ১৩/১১/২০২০*  
জেলা প্রশাসক  
বরিশাল এর পক্ষে  
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা  
বরিশাল।